



ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় : অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগে ০১ (এক)টি স্থায়ী লেকচারার পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতনের স্কেল ২২,০০০-৫৩,০৬০/= টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই বিএসসি ইঞ্জিনিয়ারিং ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজিসহ এমবিএ/ ব্যবসায় শিক্ষা বিষয়ে মাস্টার্স ডিগ্রী থাকতে হবে এবং স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৭৫সহ এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষায় জিপিএ এর ক্ষেত্রে ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে উচ্চতর ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। যে সকল প্রার্থী বিবিএ এবং এমবিএ পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে, তাদের ক্ষেত্রে এস.এস.সি বা এইচ.এস.সি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮(আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। প্রত্যেক কপি দরখাস্তের সাথে সার্টিফিকেট, প্রশংসাপত্র মার্কসীট/গ্রেডসীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলপি সংযুক্ত করতে হবে। দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ১৪/০৮/২০২২। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।